বিল্ডিং ক্লাইমেট রেজিলিয়েন্ট লাইভিলিহুডস ইন ভালনারেবল ল্যান্ডস্কেপস ইন বাংলাদেশ প্রকল্প
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা
উপজেলা কৃষি আবহাওয়া পরামর্শ বুলেটিন (১৫ অক্টোবর ২০২৬)

আবহাওয়া ভিত্তিক কৃষি বিষয়ক বুলেটিন উপজেলা: গোদাগাড়ী **জেলা: রাজশাহী**
তারিখ: ১৫-১০-২০২৬ **বুলেটিন নম্বর: ১৮৯**

গত ৩ দিনের আবহাওয়ার পরিস্থিতি: ১২.১০.২০২৬ থেকে ১৪.১০.২০২৬ তারিখ পর্যন্ত

পূর্বাভাসের সময়কাল	১২-১০-২০২৬	১৩-১০-২০২৬	১৪-১০-২০২৬
বৃষ্টিপাত (মি.মি)	০	০	০
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	৩২	৩৩	৩২
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২০	১৯	১৯
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৭১	৬৬	৬৩
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	১২	১৪	১৪
বাতাসের দিক	উত্তর– পশ্চিম	উত্তর– পশ্চিম	উত্তর– পশ্চিম

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত আগামী ৪ দিনের আবহাওয়ার পূর্বাভাস: ১৫.১০.২০২৬ থেকে ১৮.১০.২০২৬ তারিখ পর্যন্ত

পূর্বাভাসের সময়কাল	১৫-১০-২০২৬	১৬-১০-২০২৬	১৭-১০-২০২৬	১৮-১০-২০২৬
বৃষ্টিপাত (মি.মি)	০	০	০	০
সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	৩২	৩২	৩২	৩১
সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড)	২১	২১	২০	২০
আপেক্ষিক আর্দ্রতা (শতকরা)	৬৮	৬৭	৬৮	৬৯
বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা)	১১	১৩	১৩	১২
বাতাসের দিক	উত্তর– পশ্চিম	উত্তর– পশ্চিম	উত্তর– পশ্চিম	উত্তর– পশ্চিম

Source: https://usf.bmd.gov.bd/

সময়কাল: ১৫ অক্টোবর – ১৮ অক্টোবর ২০২৬

আম:

- অগামী চারদিনে বৃষ্টিপাতের সম্ভাবনা নাই। নতুন রোপিত চারা/অল্পবয়সী গাছের গোড়ায় নিয়মিত হালকা রস/সেচ বজায় রাখুন, যাতে গাছ সঠিকভাবে প্রতিষ্ঠিত হতে পারে। বাগানের আগাছা পরিষ্কার করুন এবং শুকনো/মরা বা রোগাক্রান্ত ডাল ছেঁটে ফেলুন। নতুন কুশি/কচি পাতায় হপার ও মিলিবাগের উপস্থিতি নিয়মিত পর্যবেক্ষণ করুন।

মিষ্টিকুমড়া:

- অগামী চারদিনে বৃষ্টিপাতের সম্ভাবনা নাই। এই এলাকার মাটি দ্রুত শুকিয়ে যায় বলে নিয়মিত হালকা সেচ দিন, বিশেষত ফুল ফোটা ও ফল ধরার সময় পানির ঘাটতি হতে দেবেন না। মৌমাছি/পরাগায়নকারী পতঙ্গ রক্ষায় ফুল খোলা অবস্থায় (সকাল-দুপুর) কীটনাশক স্প্রে করবেন না; প্রয়োজনে বিকেলে ফুল বন্ধ হওয়ার পর প্রয়োগ করুন। ফল ধরা শুরু হলে ফলের মাছি পোকার আক্রমণ ঠেকাতে প্রকল্প থেকে সরবরাহকৃত ফেরোমন ফাঁদ স্থাপন করুন। ঘন পাতার নিচে পাউডারি/ডাউনি মিলডিউ ও রেড পাম্পকিন বিটলের উপস্থিতি নিয়মিত পর্যবেক্ষণ করুন।